গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও

শেরে বাংলানগর,ঢাকা-১২০৭

## বুকলেট (বাংলা-১০০০ ও ইংরেজি-৫০০) ১৫০০ কপি; ব্রেশিয়ার ২,০০০ কপি এবং ১০০০ করে ০২ ধরণের পোস্টার ২,০০০ কপি মূদ্রণের কোটেশন আহ্বান সংক্রান্ত তফসিল

নং- পরিবেশ/ওডিএস (HPMP-AP)/১৭৮/২০২৪/৭৬ তারিখঃ ০২/০৩/২০২৫ খ্রিঃ

..............................
..............................
..............................
..............................
..............................

১। প্রকল্প পরিচালক, "HCFC Phase-out Management Plan (Stage-II) UNEP Component" –শীর্ষক প্রকল্প পরিবেশ অধিদপ্তর, ঢাকা- এর অনুকুলে প্রকল্পের তহবিল বরাদ্দ করা হয়েছে এবং উক্ত প্রকল্পের বরাদ্দকৃত তহবিল হতে বর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত Specifications- অনুযায়ী দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩। কোটেশন দলিল ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬। সীলমোহরকৃত থাম, সরাসরি অথবা ডাকযোগের মাধ্যমে আগামী ১১/০৩/২০২৫ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকার পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের থামে " বুকলেট (বাংলা-১০০০ ও ইংরেজি-৫০০) ১৫০০ কপি; ব্রেশিয়ার ২,০০০ কপি এবং ১০০০ করে ০২ ধরণের পোস্টার ২,০০০ কপি মূদ্রণের কোটেশন কোটেশন আহ্বান সংক্রান্ত তফসিল" Specifications- অনুযায়ী কোটেশন এবং ১১/০৩/২০২৫ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭। সরাসরি অথবা ডাকযোগের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সীলমোহরকৃত ও থামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ০৭ (সাত) কার্যদিবস পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফি, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ২৫ কার্যদিবসের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সম্পন্ন করতে হবে।

১৭। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৫ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০২/০৬/২০২৫

**( মোঃ জিয়াউল হক )**
পরিচালক ( বায়ুমান ব্যবস্থাপনা )
ও
প্রকল্প পরিচালক
HCFC Phase-out Management Plan
(Stage-II)-শীর্ষক প্রকল্প

**বিতরণ ঃ**

১। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়
২। পরিবেশ অধিদপ্তর/ ওজোন সেলের ওয়েব সাইট
৩। অফিস কপি

D:\HPMP Stage-II\Tender 2024-2025\Booklet, Poster & Others\Schedule on Quatation.docx

## বুকলেট ১৫০০ কপি; ব্রেশিয়ার ২,০০০ কপি এবং পোস্টার ২,০০০ কপি মুদ্রণের কোটেশন আহ্বান সংক্রান্ত তফসিল

নং- পরিবেশ/ওডিএস (HPMP-AP)/১৭৮/২০২৪/ ৩৬ তারিখঃ ০২ /০৩/২০২৫ খ্রিঃ

| ক্রঃ নঃ | আইটেমের নাম | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য (ভ্যাট ও উৎসেকর সহ) | | মোট মূল্য (ভ্যাট ও উৎসেকর সহ) | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে (কথায়) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | Booklet (Bangla) | Size: 8.5"X5.5"<br>Page: 50 pages (approx)<br>Paper: Cover 300 gsm Inner: 80gsm offset paper<br>Printing: 4 Color<br>Binding; Book binding | সংখ্যা | 1,000 | | | | প্রকল্প পরিচালক, "HCFC Phase-out Management Plan (Stage-II) UNEP Component" –শীর্ষক প্রকল্প পরিবেশ অধিদপ্তর, ঢাকা; পরিবেশ ভবন, ই/১৬,পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ |
| ০২ | Booklet (English) | Size: 8.5"X5.5"<br>Page: 50 pages (approx)<br>Paper: Cover 300 gsm Inner: 80gsm offset paper<br>Printing: 4 Color<br>Binding; Book binding | সংখ্যা | 500 | | | | |
| ০৩ | Brochure | Size: 6"X9.25"<br>Page: 6 pages<br>Paper:150 gsm art paper<br>Printing: 4 color both side high quality offset printing, Folding: 3 fold. | সংখ্যা | 2,000 | | | | |
| ০৪ | Poster | Size: 18"X 23"<br>Paper: 120 gsm art/offset paper<br>Printing: 4 color with high quality offset printing.<br>Binding: Fibre binding | সংখ্যা | (1,000 + 1,000) 2,000 | | | | |
| | | | | | | সর্বমোট= | | |

| | |
|---|---|
| **পত্র প্রেরণের ঠিকানা** | প্রকল্প পরিচালক, "HCFC Phase-out Management Plan (Stage-II) UNEP Component" –শীর্ষক প্রকল্প পরিবেশ অধিদপ্তর, ঢাকা; ওজোন সেল, রুম নং-৫০৫ (পুরাতন ভবন),পরিবেশ ভবন, ই/১৬,পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ |
| **মোট মূল্য অংকে (কথায়)** | |
| **প্রস্তাবিত সরবরাহ** | ক্রয় আদেশ জারীর তারিখ হতে |

আমি/ আমাদের দ্বারা এই মূল্য তফশীলে (----) টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে আমার/ আমাদের প্রাস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ (কোটেশনের বৈধতার তারিখ)।

| | |
|---|---|
| সীলসহ কোটেশনদাতর স্বাক্ষর ঃ | তারিখঃ |
| কোটেশনদাতর নাম ঃ | |

**টীকাঃ**

১। কলাম ১,২,৩,৪,৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং এবং ৬,৭ ও ৮ কোটেশন দাতা পূরণ করবে।

২। যদি চুক্তি মোতাবেক সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্য ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবাহের পরিবহণ ব্যয়, বীমা ব্যয় ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড ব্যয়, সবধরণের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।

D:\HPMP Stage-II\Tender 2024-2025\Booklet, Poster & Others\Schedule on Quatation.docx